মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মস্তফাপুর, মাদারীপুর।
ISO 9001: 2015 Certified

স্মারক নং- ২৭.১২.৫৪৫৪.৫২৭.০২.০০৮.২২- ৯৮৩

তারিখঃ ০৯ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ

## "আন্ত পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত আগ্রহী **প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১। **বয়সসীমাঃ**<br>প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫৫ (পঞ্চান্ন) বছর **(২২/০৩/২০২২ খ্রিঃ তারিখে)**।<br>০২। **অভিজ্ঞতাঃ**<br>আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

০১। **চুক্তির সময়কালঃ**

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চুক্তিকালীন কাজকর্ম ও প্রতি বছরের কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর কর্তৃপক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ২/১ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে ২য় চুক্তি সম্পাদন এবং একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ (০৩+০৩+০৩) = ০৯ (নয়) বছর অথবা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

**শর্তাবলীঃ**

০২। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**

আগ্রহী প্রার্থীগণ মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট **(Web: www. pbs.madaripur.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক প্রার্থী নিজ হাতে/টাইপকৃত যথাযথভাবে পূরণ করে আগামী **২২/০৩/২০২২ খ্রি.** তারিখ অফিস চলাকালীন সময়ের (বিকাল ৫:০০ ঘটিকা) মধ্যে জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মস্তফাপুর, মাদারীপুর এর বরাবরে ডাকযোগে, কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম, সাদাকাগজে/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কোন ব্যক্তি যদি একাধিক মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করেন তাহলে উভয় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি,
গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি,
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র,
ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/ পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র,
চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতা সনদ'' যা এজিএম (প্রশাসন/ এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

চলমান পৃষ্ঠা-০২

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

খ) মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দা (মাদারীপুর সদর, রাজৈর, কালকিনি, শিবচর ও ডাসার) উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

গ) অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা / কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীগণের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

ঘ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত আছেন তারা অত্র পবিসে আবেদন জমাদানের শেষ তারিখ অর্থাৎ **২২/০৩/২০২২** খ্রিঃ তারিখে যাদের চুক্তির মেয়াদ ০৩ (তিন) মাস আছে তারাও যাথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

ঙ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন অথবা দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হন, তাহলে সেই প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্তসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঝ) অসম্পূর্ণ / ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ঞ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২ নভেম্বর ২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

ট) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

ঠ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

ড) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

ঢ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭/২/২২

**(মোহাম্মদ জোনাব আলী)**
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) /পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। **(বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মাদারীপুর।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো,ঢাকা।
০৬। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো,ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................... পবিস-১/২/৩/৪। **(বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসের মানব সম্পদ/প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)**
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, শরীয়তপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/ রাজৈর/ কালকিনি/শিবচর /ডাসার উপজেলা, মাদারীপুর।
১০। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/ শিবচর/টেকেরহাট/কালকিনি জোনাল অফিস, মাপবিস।
১১। এজিএম (ওএন্ডএম), খোয়াজপুর সাব-জোনাল অফিস, মাপবিস।
১২। এজিএম (অর্থ/ সদস্য সেবা/ ইএন্ডসি/প্রশাসন/ওএন্ডএম) মাপবিস।
১৩। এজিএম (আইটি), মাপবিস (বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট-এ প্রকাশ করার নির্দেশসহ)।
১৪। নোটিশ বোর্ড, মাদারীপুর পবিস।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

২৭/২/২২

**(মোহাম্মদ জোনাব আলী)**
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

D:\Rita\মিটার রিডার নিয়োগ-২০২২\নিয়োগ বিজ্ঞপ্তি -২০২২.doc